



# ফেডারেশন অফ ভলান্টারি ব্লাড ডোনর্স অর্গানাইজেশনস ওয়েস্ট বেঙ্গল

SO994035 of 2016-2017

প্রযত্নেঃ বার্নপুর সোস্যাল ওয়েলফেয়ার কমিটি ভলান্টারি ব্লাড ডোনর্স  
রক্তদান নগর, স্টেশন রোড, বার্নপুর, পিন-৭১৩৩২৫

মোবাইলঃ ৮৬৩৭০৯৯২০৮/ ৯৮৩২২০৬৭৭৩ # ই-মেল : fvbdown@gmail.com

পত্রাঙ্কঃ FVBDOWN/BSWCVBD/17/2024

তারিখঃ 30/05/2024

ফেডারেশনের জরুরী কাউন্সিল সভা (২০২২-২৫) -এর বিজ্ঞপ্তি

শ্রদ্ধেয় কাউন্সিল সদস্য,

শ্রী শুকদেব চট্টোপাধ্যায় (তমলুক ভলান্টারি ব্লাড ডোনর্স অ্যাসোসিয়েশন), শ্রী অল্লান আচার্য্য (অ্যাসোসিয়েশন অফ ভলান্টারি ব্লাড ডোনর্স ওয়েস্ট বেঙ্গল), শ্রী উত্তম ঝা (মালদা ডিস্ট্রিক্ট ভলান্টারি ব্লাড ডোনর্স অ্যাসোসিয়েশন), শ্রী প্রবীর সেন (বিষ্ণুপুর স্বেচ্ছা রক্তদাতা সমিতি), শ্রী বিপ্রদাস মিদ্যা (বাকুড়া ভলান্টারি ব্লাড ডোনর্স সোসাইটি), শ্রী নিমাই চক্রবর্তী (রাঢ়ভূমি স্বেচ্ছা রক্তদাতা সমিতি), শ্রী সিদ্ধার্থ কামিন্দ্রা (খড়গপুর ভলান্টারি ব্লাড ডোনর্স অর্গানাইজেশন), শ্রী প্রনব কুমার ঘোষ (শিলিগুড়ি স্লেহ), শ্রী নরেন্দ্র বাড়রী (শিলিগুড়ি সূর্যনগর সমাজ কল্যান সংস্থা), শ্রী সমরেন্দু সিকদার ( ব্লাড ডোনর্স ওয়েলফেয়ার সোসাইটি নর্থ ২৪পরগণা )

মাননীয় কাউন্সিল সদস্যগণ,

গত ১১ মে ২০২৪ শ্রদ্ধেয় কাউন্সিল সদস্য তথা ৩৭তম রাজ্য সম্মেলন আয়োজক সংস্থার সম্পাদক প্রনব ঘোষ মহাশয় ফেডারেশনের কাউন্সিল হোয়াটসঅ্যাপ গ্রুপে ৩৭তম রাজ্য সম্মেলনের তারিখ ও সম্মেলনের অনুষ্ঠানসূচীর খসড়া পেশ করে দ্রুত (আগামী ৭দিনের মধ্যে) সকলের মতামত ও সহযোগিতা আহ্বান করেন। তার আবেদনকে যথোপযুক্ত সম্মান জানিয়ে ফেডারেশনের নিয়মানুসারে সকল কাউন্সিল সদস্যদের উপস্থিতির সুবিধার্থে ফেডারেশনের এই জরুরী সভা আগামী ১৬ জুন ২০২৪ (রবিবার) শিলিগুড়িতে SNEHA - এর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে বলে নির্ধারিত হয়েছে। এই সভায় সকল সম্মানীয় কাউন্সিল সদস্যদের উপস্থিতি একান্তভাবে কাম্য। সভার আয়োজনের সুবিধার্থে আগামী ৯ই জুনের মধ্যে সভায় আপনার উপস্থিতির তথ্য আয়োজক সংস্থা এবং ফেডারেশনের সম্পাদক মহাশয়কে জানিয়ে দিন।

সভার তারিখঃ ১৬ জুন ২০২৪ (রবিবার)

সভাস্থলঃ শিলিগুড়ি

সভার সময়ঃ দুপুর - ১২টা

আলোচ্য বিষয়ঃ ৩৭ তম রাজ্য সম্মেলন।

সভাস্থল সংক্রান্ত বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন শ্রী প্রনব কুমার ঘোষ (মোঃ ৯৪৩৪০০৭১৪২)

অভিনন্দন সহ-

(তস্বিমা ধর)

সাধারণ সম্পাদক

ফেডারেশন অফ ভলান্টারি ব্লাড ডোনর্স অর্গানাইজেশনস ওয়েস্ট বেঙ্গল